

প্রাথমিক খাদ্যের যোগ্যতার প্রয়োজনীয়তাগুলি:
আপনাকে আপনার সুবিধাগুলি ধরে রাখতে যা যা জানতে হবে
Basic Food Eligibility Requirements:
What You Need to Know to Keep Your Benefits

আপনি কাজ না করলে আপনার সুবিধার সময় সীমাবদ্ধ হবে

আপনাকে আমরা প্রাথমিক খাদ্যের জন্য Able Bodied Adult without Dependents (ABAWD) বলে বিবেচনা করি কারণ আপনি কাজ করতে সক্ষম এবং আপনার বাড়িতে কোনও বাচ্চা নেই,

আপনি প্রতি 36 মাস পিছু তিনমাসের জন্য প্রাথমিক খাদ্যের সুবিধাগুলি পেতে পারেন যদি আপনি কাজের প্রয়োজনীয়তা পূরণ না করেন।

আপনি কীভাবে প্রাথমিক খাদ্যের সুবিধাগুলি ধরে রাখবেন

আপনাকে তিনমাসের বেশি সময়ের জন্য আপনার সুবিধাগুলি ধরে রাখতে অবশ্যই নিম্নলিখিত কার্যকলাপের মধ্যে একটি বা তার বেশি করতে হবে:

- প্রতি মাসে ওয়ার্কফেয়ার কার্যক্রমের মাধ্যমে স্বেচ্ছাসেবী কাজ সম্পন্ন করা। আপনাকে খাদ্যের সুবিধা ধরে রাখতে আপনার যত ঘন্টা স্বেচ্ছাসেবী কাজ করা আবশ্যিক তার সংখ্যা আপনার মাসিক সুবিধার পরিমাণ নির্ধারণ করবে।
- সপ্তাহে গড়ে 20 ঘন্টা বা মাসে গড়ে 80 ঘন্টা কাজ করা।
- স্টেটের অনুমোদিত কোনও নিযুক্তি বা প্রশিক্ষণের কার্যক্রমে অংশগ্রহণ, যেমন:
 - Basic Food Employment and Training (BFET). আরও তথ্যের জন্য www.dshs.wa.gov/bfet দেখুন;
 - ওয়ার্কফোর্স ইনোভেশন অ্যান্ড অপারচুনিটি অ্যাক্ট Workforce Innovation and Opportunity Act (WIOA) এর অন্তর্ভুক্ত কার্যক্রমগুলি। আরও তথ্যের জন্য <https://www.dshs.wa.gov/esa/community-services-offices/wioa> দেখুন;
 - AmeriCorps VISTA; বা
 - Limited English Proficiency (LEP) 'র পথ।

অংশগ্রহণের বাধাগুলি

আপনি এই কারণে মাসে অন্তত 80 ঘন্টা অংশ নিতে না পারলে আমাদের সঙ্গে যোগাযোগ করুন:

- শারীরিক বা মানসিক প্রতিবন্ধী হন;
- লেবার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ Labor & Industries (L&I), প্রাক্তন সৈনিক প্রশাসন Veterans Administration বা বেসরকারি প্রতিবন্ধকতা বিমার থেকে সুবিধা পান;
- এমন অবস্থায় বাস করেন যা নিযুক্তিতে বাধা সৃষ্টি করে, যেমন দীর্ঘমেয়াদী গৃহহীনতা;
- বয়স বা প্রতিবন্ধকতার কারণে নিজের পরিচর্যা করতে পারেন না এমন কোনও ব্যক্তির পরিচর্যা করেন;
- কোনও রাসায়নিক নির্ভরতার চিকিৎসায় বা পুনর্বাসন কার্যক্রমে অংশগ্রহণ করেন;
- বেকারত্বের সুবিধার জন্য আবেদন করেছেন বা পান;
- অন্তত অর্ধেক সময়ের জন্য স্থলে নথিভুক্ত রয়েছেন; অথবা
- শরণার্থীদের নগদ সহায়তা(Refugee Cash Assistance) সুবিধা বা সমতুল্য মঞ্জুরি তহবিল(Matching Grant Funds) পান।

আপনার যে বিষয়গুলি রিপোর্ট করা আবশ্যিক

আপনার বলা আবশ্যিক যদি:

- মাসিক প্রয়োজনীয় অংশগ্রহণের ঘন্টার সংখ্যা সম্পন্ন করতে না পারেন।
- আপনার কাজ সপ্তাহে 20 ঘন্টার নীচে চলে যায়।
- আপনার পরিবারের আয় WAC 388-478-0060 এর সীমার উপরে চলে যায়।

আপনি এখানে ABAWD এর প্রয়োজনীয়তা সম্পর্কে আরও তথ্য পেতে পারেন www.dshs.wa.gov/abawd.

আপনার কোনও প্রশ্ন থাকলে, কোনও প্রশিক্ষণ কার্যক্রমের সঙ্গে সংযুক্ত হতে সহায়তার প্রয়োজন হলে অথবা কোনও পরিবর্তনের রিপোর্ট করার প্রয়োজন হলে আমাদের 1-877-501-2233 নম্বরে ফোন করুন।

আপনি কোনও সুবিধার আবেদন করতে, কোনও পর্যালোচনা জমা দিতে বা পরিবর্তন রিপোর্ট করতে www.washingtonconnection.org -এ আমাদের কাছে আসতে পারেন।